# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮০৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

## আরবী

وَعَنْ عَلْقَمَةَ قَالَ: قَالَ لَنَا ابْنُ مَسْعُودٍ: أَلا أُصَلِّي بكم صَلَاة رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَصَلَّى وَلَمْ يَرْفَعْ يَدَيْهِ إِلَّا مَرَّةً وَاحِدَةً مَعَ تَكْبِيرَةِ الِافْتِتَاحِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ. وَقَالَ أَبُو دَاوُدَ: لَيْسَ هُوَ بِصَحِيح على هَذَا الْمَعْنى

## বাংলা

৮০৯-[২০] ’আলকামাহ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনু মাস্’ঊদ (রাঃ) আমাদেরকে বলেছেন, আমি কি তোমাদেরকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মতো সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করাব? এরপর তিনি সালাত আদায় করালেন। অথচ প্রথম তাকবীরে একবার হাত উঠানো ছাড়া আর কোথাও হাত উঠাননি। (তিরমিযী, আবূ দাঊদ ও নাসায়ী;[1] আবূ দাঊদ বলেন, হাদীসটি এ অর্থে সহীহ নয়।

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৭৪৮, তিরমিযী ২৫৭, নাসায়ী ১০৫৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: প্রকৃতপক্ষে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীরে তাহরীমায় একবার ছাড়া হাত উঠাননি। এটাই ভুল ব্যাখ্যা করে হানাফীরা দাবী করছেন যে, শুরু তাকবীর ছাড়া হাত উঠানো মুস্তাহাব নয়। এর উত্তর অনেক পদ্ধতিতে দেয়া যায়। তন্মধ্যে (১) এ হাদীসটি দুর্বল, সুতরাং এ হাদীস দ্বারা দলীল দেয়া যায় না - হাদীসের সকল ইমাম একে দুর্বল বলেছেন। পক্ষান্তরে, ‘আবদুল্লাহ ইবনু ‘উমার (রাঃ) সহীহ হাদীস যা বিশুদ্ধ সে হাদীসে রুকূতে যাওয়ার আগে বা পরে দু’হাত উঠানো রসূলের সুন্নাত যা ৫০ জন সাহাবী থেকে বর্ণিত। তাই সেটার উপর ‘আমল করতে হবে। প্রকৃতপক্ষে, তাকবীরে তাহরীমায় হাত একবার উঠানোই সুন্নাত। অন্যান্য স্থানে হাত উঠানো এ হাদীসের প্রতিপাদ্য নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55368

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন